বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪, সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
প্রোজেক্ট এন্ড সোস্যাল সার্ভিসেস ডিভিশন
www.bim.gov.bd

স্মারক নম্বর: ৩৬.০৭.০০০০.০১৩.৩৩.০১১.১৮.১০ তারিখ: ২৩ পৌষ ১৪২৫
০৬ জানুয়ারি ২০১৯

বিষয়: **আগামী ২০ - ৩১ জানুয়ারি, ২০১৯ইং তারিখ মেয়াদে ২ সপ্তাহব্যাপী "Online Office Management (13th Batch)" শীর্ষক কোর্সের মনোনয়ন প্রদান প্রসংঙ্গে।**

মহোদয়,

আধুনিক প্রযুক্তি নির্ভর দক্ষ জনবল তৈরির লক্ষ্যে বিআইএম, ঢাকা আগামী ২০ - ৩১ জানুয়ারি, ২০১৯ইং তারিখ মেয়াদে বিকাল ০৫ টা - রাত ০৯ঃ৩০ মিঃ পর্যন্ত ২ সপ্তাহব্যাপী "Online Office Management (13th Batch)" শীর্ষক কোর্সের আয়োজন করা হয়েছে। কোর্সটিতে অফিস পরিচালনার জন্য গুগল ও অন্যান্য ক্লাউড সার্ভিসের ব্যবহার সম্পর্কে সার্বিক ধারনা প্রদান করা হবে, যাতে প্রশিক্ষণ শেষে তারা যে কোন সময় ও যে কোন স্থান থেকে কম্পিউটার/ল্যাপটপ/ট্যাব/মোবাইল ইত্যাদির মাধ্যমে একই তথ্য ব্যবহার করে অফিস পরিচালনা করতে পারে। কোর্স ফি নীট ২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) যা মহাপরিচালক, বিআইএম ঢাকা বরাবরে ক্রসড চেক/পে-অর্ডার/ব্যাঙ্ক ড্রাফট-এর মাধ্যমে পরিশোধ করতে হবে। বিস্তারিত কোর্স ব্রশিয়র সংযুক্ত।

উপরোক্ত কোর্সে আপনাদের মন্ত্রণালয়/দপ্তর/প্রতিষ্ঠান হতে তথ্য-প্রযুক্তি ব্যবহারকারীগনকে মনোনয়ণ প্রদানের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো। উক্ত কোর্সের মনোনীত অংশগ্রহণকারীগনের মোবাইল নম্বর ও ইমেইলসহ তালিকা প্রদান করলে অনলাইন রেজিস্ট্রেশনসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

৬-১-২০১৯
এস এম আরিফুল ইসলাম
উর্দ্ধতন ব্যবস্থাপনা উপদেষ্টা

সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)